Department of Education
Chancellor Richard A. Carranza

29 নভেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনি একটি বিশ্রামপূর্ণ ছুটি, এবং আপনার পরিবারের সাথে সময় উপভোগ করার সুযোগ পেয়েছেন।

আপনার স্মরণ রয়েছে যে, 18 নভেম্বর, আমরা স্কুল বিল্ডিংগুলো শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের জন্য সাময়িকভাবে বন্ধ করে দিয়েছিলাম, এবং নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থীকে পুরোপুরিভাবে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তরিত করেছিলাম। আজ, আমাদের অনেক শিক্ষার্থীর জন্য সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনার জন্য স্কুল বিল্ডিংগুলো পুনরায় খোলার পরিকল্পনা সম্পর্কে আপনাকে আমি আনন্দের সাথে লিখছি। বরাবরের মতই, স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে রয়েছে, এবং এই চিঠিতে সকল পুনরায় খোলা বিল্ডিংগুলোতে স্কুলের অভ্যন্তরে সাপ্তাহিক বাধ্যতামূলক COVID-19 পরীক্ষা, ও কীভাবে আপনি বাধ্যতামূলক সম্মতি ফর্ম জমা দিতে পারেন সেবিষয়ে তথ্য রয়েছে।

এই পথনির্দেশনা মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য, যারা ইতোমধ্যেই সপ্তাহের কিছু সময় স্কুল বিল্ডিংগুলোতে ও সপ্তাহের বাকি সময় বাড়িতে শিক্ষা গ্রহণ বেছে নিয়েছে। যেসব শিক্ষার্থী স্কুল বিল্ডিং বন্ধ হবার পূর্বে পুরোপুরি দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বেছে নিয়েছে তারা পূর্ণ দিবস দূর থেকে শেখা অব্যাহত রাখবে।

## আমার সন্তান কখন সশরীরে শিক্ষার জন্য পুনরায় ফিরে আসতে পারবে?

- 3K থেকে 5 গ্রেডের শিক্ষার্থীরা সশরীরে শিক্ষা গ্রহণের জন্য **সোমবার, 7 ডিসেম্বর** ফিরে আসবে।
  - এতে অন্তর্ভুক্ত, আর্লি এডুকেশন ও এলিমেন্টারি স্কুলগুলোর (যেমন, K-2 স্কুল, K-3 স্কুল, K-5 স্কুল, এর পাশাপাশি ডিস্ট্রিক্ট প্রি-K সেন্টার, K-8 স্কুল, এবং K-12 স্কুলসমূহ) 3K থেকে 5 গ্রেডের সকল শিক্ষার্থী।
  - এতে অন্তর্ভুক্ত নয় সেসব স্কুলসমূহ যেগুলো বর্তমানে স্টেট-আখ্যায়িত অরেঞ্জ জোন, অথবা রেড জোনে অবস্থিত, যদি ঘোষণা দেয়া হয়ে থাকে। আপনার স্কুল বর্তমানে এই জোনগুলোতে রয়েছে কিনা তা http://nyc.gov/covidzone সাইটে দেখতে পারেন।
- ডিস্ট্রিক্ট 75 এর সকল গ্রেডের শিক্ষার্থীরা সশরীরে শিক্ষা **বৃহস্পতিবার, 10 ডিসেম্বর** তারিখ থেকে পুনরায় শুরু করবে।
  - এতে অন্তর্ভুক্ত নয় সেসব স্কুলসমূহও যেগুলো বর্তমানে স্টেট-আখ্যায়িত অরেঞ্জ জোন, অথবা রেড জোনে অবস্থিত, যদি ঘোষণা দেয়া হয়ে থাকে।
- পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত 6 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীরা (ডিস্ট্রিক্ট 75-এর বাহিরে) দূর থেকে অব্যাহত রাখবে।
- যেসব শিক্ষার্থী সম্প্রতি নিউ ইয়র্কের বাহিরে কোনো স্টেট যেটা ট্র্যাভেল অ্যাডভাইজরি (ভ্রমণ বিষয়ক উপদেশক) তালিকায় রয়েছে সেটা থেকে ভ্রমণ করে আসে, তবে অবশ্যই 14 দিন কোয়ারেন্টাইন করতে হবে। এছাড়াও স্টেটের পথনির্দেশনা: https://coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory অনুযায়ী আপনার কোয়ারেন্টাইন থেকে পরীক্ষার মাধ্যমে বের হবার সুযোগ রয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য বিষয়ক প্রশ্নাবলী প্রতিদিন পূরণ করা অব্যাহত রাখা উচিত।
- ফিরে আসার এই তারিখগুলো মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য, এতে অন্তর্ভুক্ত যারা সম্প্রতি নির্ধারিত সময়সীমায় মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছেন।

## আমার স্কুল ভবনে পুনরায় ফেরার জন্য আমাকে কী করতে হবে?

আপনার সন্তানের স্কুলে পুনরায় ফিরে আসার জন্য, আপনাকে অবশ্যই তার স্কুল ভবনে ফিরে আসার প্রথম দিনে স্কুলের অভ্যন্তরে COVID-19 পরীক্ষা করার সম্মতি ফর্ম জমা দিতে হবে। আপনার সন্তানের স্কুলের শিক্ষার্থী ও স্টাফদের মাঝ থেকে এলোমেলোভাবে বেছে নিয়ে সাপ্তাহিকভাবে পরীক্ষা করা হবে। সিটিজুড়ে COVID-19 সংক্রমণ বৃদ্ধি রোধ করার পাশাপাশি, সকল স্কুল ভবনগুলো

Department of Education
Chancellor Richard A. Carranza

নিরাপদ রাখার আমাদের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে এই বাধ্যতামূলক সাপ্তাহিক COVID-19 পরীক্ষা। **প্রথম (1) গ্রেড থেকে উচ্চ গ্রেডের যেকোনো শিক্ষার্থীকে স্কুল ভবনগুলোতে ফিরে আসতে হলে অবশ্যই তার স্কুল ভবনে ফিরে আসার প্রথম দিনে স্কুলের অভ্যন্তরে COVID-19 পরীক্ষা করার সম্মতি ফর্ম জমা দিতে হবে।**

- প্রথম (1) গ্রেড থেকে উচ্চ গ্রেডের যেকোনো শিক্ষার্থীকে স্কুল ভবনগুলোতে ফিরে আসতে হলে অবশ্যই তার স্কুল ভবনে ফিরে আসার প্রথম দিনে COVID-19 পরীক্ষা করার সম্মতি ফর্ম জমা দিতে হবে। এলোমেলোভাবে পরীক্ষণ বা টেস্টিং থেকে 3K, প্রি-K, এবং কিন্ডারগার্টেন শিক্ষার্থীরা অব্যাহতি পাবে।
- পরীক্ষাটি দ্রুত, নিরাপদ, এবং সহজ। পরীক্ষার প্রক্রিয়া সংক্রান্ত একটি ভিডিও schools.nyc.gov/covidtesting সাইটে পাওয়া যাবে।

## আমি সম্মতি কীভাবে জমা দিতে পারি?

স্কুলের অভ্যন্তরে আপনার সন্তানের COVID-19 পরীক্ষা করার সম্মতি পত্র জমা দেয়া দ্রুত ও সহজ। ***আপনি যদি ইতোমধ্যে একটি সম্মতি জমা দিয়েও থাকেন, ফাইলে সর্বসাম্প্রতিক সম্মতিটি রয়েছে তা নিশ্চিত করতে আমরা আপনাকে আবার জমা দিতে অনুরোধ করছি।*** জমা দেয়ার দুইটি সহজ উপায় হচ্ছে:

1) অনলাইনে mystudent.nyc একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) ব্যবহার করে ফর্মটি পূরণ করুন।

- যদি আপনার শিক্ষার্থীর(দের) সাথে সংযুক্ত একটি NYCSA অ্যাকাউন্ট ইতোমধ্যে থেকে থাকে: লগ ইন করুন, আপনার শিক্ষার্থীর নামে ক্লিক করুন, "অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ (Manage Account)"-এ ক্লিক করুন, এবং এরপর যখন একটি ড্রপডাউন মেন্যু আবির্ভূত হয়, "সম্মতি ফর্মসমূহ (Consent Forms)"-এ ক্লিক করুন। পৃষ্ঠাটি পড়ুন, এবং এরপর একেবারে শেষে আপনার সন্তানের জন্য সম্মতি অপশনটি বেছে নিন।

- যদি আপনার ইতোমধ্যেই একটি NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে: আপনি এখনই একটি তৈরি করতে পারেন! যদি আপনার স্কুলে থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে থাকে, আপনি আনুমানিক পাঁচ মিনিটে একটি পূর্ণ অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন, এবং এরপর উপরিল্লিখিত সম্মতি প্রদান করতে পারবেন। যদি আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে না থাকে, আপনি তারপরও সম্মতি প্রদান করতে পারেন "COVID-19 Testing (পরীক্ষণ)" -এর অধীনে "সম্মতি নিয়ন্ত্রণ (Manage Consent)"-এ ক্লিক করে এবং আপনি ও আপনার সন্তানের তথ্য প্রদান করে।

2) সংযুক্ত ফর্মটি ইংরেজি বড় অক্ষরে পূরণ ও স্বাক্ষর করে আপনার সন্তানের স্কুল বিল্ডিংয়ে ফিরে আসার প্রথম দিন তার স্কুলে সাথে নিয়ে আসুন। একটি মুদ্রণযোগ্য PDF ফাইল দশটি ভাষায় পাওয়া যাবে schools.nyc.gov/covidtesting -সাইটে।

## আমরা সন্তান সাপ্তাহিক এলোমেলোভাবে বেছে করা টেস্টিং অব্যাহতি পেতে পারে কি?

অব্যাহতি শুধুমাত্র সুনির্দিষ্ট সীমিত কারণে দেয়া হবে:

- যেসব শিক্ষার্থীর চিকিৎসাগত কারণে অব্যাহতি প্রয়োজন, কোনো স্বাস্থ্যগত কারণে টেস্টিং করা নিরাপদ হবে না (যেমন, মুখমণ্ডলে আঘাত, নাকে অস্ত্রপাচার), এবং বিবেচনার জন্য আপনি একটি পৃথক ফর্ম জমা দিতে সক্ষম হবেন। এই ফর্মটি অবশ্যই একজন ডাক্তার দ্বারা স্বাক্ষরকৃত হতে হবে এবং আপনাকে অবশ্যই একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী থেকে চিকিৎসা সংক্রান্ত প্রমাণাদি জমা দিতে হবে।

- যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে তাদের প্রতিবন্ধিতার প্রকরণের জন্য স্কুলে যথাযথভাবে পরীক্ষা করা যাবে না, তাদের জন্য আপনি একটি ভিন্ন অনুরোধ জমা দিতে পারবেন।

Department of Education
Chancellor Richard A. Carranza

- সোমবার, 30 নভেম্বর, অব্যাহতির ফর্মগুলো ইংরেজিতে schools.nyc.gov/covidtesting সাইটে পাওয়া যাবে। স্বল্প সময়ের মাঝেই অনুবাদকৃত সংস্করণগুলো পাওয়া যাবে।

## যদি আমি সম্মতি পত্র জমা না দেই, তাহলে কী হবে?

আপনার সন্তান যেদিন স্কুল ভবনে ফিরে আসছে সেদিন অবশ্যই সম্মতি জমা দিতে হবে; এটা জমাদানের তারিখ, এবং আমাদের জন্য সকল শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রয়োজন।

- যদি আপনার সন্তান সম্মতি ফর্ম ছাড়া স্কুল ফিরে আসার প্রথম দিন সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনার জন্য উপস্থিত হয়, তবে প্রিন্সিপ্যাল ও স্কুলের স্টাফ সম্মতি সংগ্রহের জন্য আপনার সাথে যোগাযোগ করবে।
- **এরপর, যেসব শিক্ষার্থীর সম্মতির ফর্ম ফাইলে থাকবে না, যাদের কোনো চিকিৎসাগত বা প্রতিবন্ধিতা-ভিত্তিক অব্যাহতি জমা দেয়া থাকবে না, তাদের অবশ্যই পুরোপুরি দূর থেকে বা রিমোট শিক্ষা নির্দেশনায় স্থানান্তর করা হবে।** অব্যাহতি সম্পর্কে আরো তথ্য এই সপ্তাহে আপনার সন্তানের স্কুল প্রিন্সিপ্যাল প্রদান করবেন।

## যদি আমার সন্তানের স্কুল অরেঞ্জ বা রেড জোনে অবস্থিত হয়, তাহলে কী হবে?

- এই পর্যন্ত, অরেঞ্জ জোনের স্কুলগুলোতে সশরীরে শিক্ষা বন্ধ রয়েছে। অরেঞ্জ জোনের স্কুলগুলো যত শীঘ্রই সম্ভব পুনরায় খোলার জন্য আমরা স্টেটের সাথে একটি পরিকল্পনা তৈরি করছি।
- স্টেট অব নিউ ইয়র্ক দ্বারা পরিকল্পনাটি নিশ্চিত হওয়া মাত্রই আমরা তথ্য শেয়ার করবো।
- বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে কোনো রেড জোন নেই, কিন্তু, স্টেটের নিয়মানুযায়ী, রেড জোনের বিল্ডিংগুলোও বন্ধ থাকবে।

বরাবরের মতই, এই অভাবনীয় বছরে একসাথে আমাদের যাত্রা অব্যাহত রাখায় আপনার নমনীয়তা এবং ধৈর্যের জন্য আমি কৃতজ্ঞ। আপনার সন্তান যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন—তার জন্য প্রতিদিন একটি দৃঢ়, সহায়ক শিক্ষা প্রদানে DOE-তে আমরা সকলে লক্ষ্যবদ্ধ—এবং সেটা কখনোই পরিবর্তন হবে না।

আমরা আসন্ন সপ্তাহে স্কুল ভবনগুলোতে শিক্ষার্থীদের স্বাগত জানাবার প্রত্যাশায় আছি।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন